

স্মৃতি অভীক দাস

নারকেলতলার মাঠে গাদা লোক জমেছে।
 সাপুড়েরা ঝাঁপ ফেলেছে একে একে,
 মাঠ যেন থই থই।
 বালিকার সারির মধ্যে আমার চোখ খুঁজেছে
 চেনা একজোড়া নরম চোখ,
 শান্ত দীঘিতে নীলপদ্মের মতো ফোটা,
 কাঠবেড়ালির মতো লাফিয়ে ফেরে আমার চোখের উপর...।
 কেমন করে পাবে?
 নাতিটা এসে বায়না ধরল
 “দু’টাকা দাও, সাপ খেলা দেখব।”

ক’টা পদ্ম পেরেছি তুলতে।
 ইশকুল যাবার পথে,
 ঢাল বরাবর দীঘিতে নামতে নামতে
 প্যান্টুল গেছে ছিঁড়ে, বাবলা কাঁটায়;
 বড্ড ভেজা ভেজা, চুঁইয়ে পড়ছে সরু কাঁটার
 মতন পাট পচানি জল।
 পাঁকে পোঁতা পা, তার মসৃণ গন্ধ বেয়ে
 লাফিয়ে উঠে আসতে চাই
 চোরাবালি থেকে...।
 সত্যি, একদম খেয়াল থাকে না বয়সটার।